# সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ১০০৪

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১৯২. সালাম সংক্ষিপ্ত করা

## باب حَذْفِ التَّسْلِيمِ

আরবী

حَدَّثَنَا أَحْمَدُ بْنُ مُحَمَّدِ بْنِ حَنْبَلٍ، حَدَّثَنِي مُحَمَّدُ بْنُ يُوسُفَ الْفِرْيَابِيُّ، حَدَّثَنَا الأَوْزَاعِيُّ، عَنْ قُرَّةَ بْنِ عَبْدِ الرَّحْمَنِ، عَنِ الزُّهْرِيِّ، عَنْ أَبِي سَلَمَةَ، عَنْ أَبِي هُرَيْرَةَ، قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم " حَذْفُ السَّلاَمِ سُنَّةٌ "

ـ ضعيف

قَالَ عِيسَى نَهَانِي ابْنُ الْمُبَارَكِ عَنْ رَفْعِ هَذَا الْحَدِيثِ . قَالَ أَبُو دَاوُدَ سَمِعْتُ أَبَا عُمَيْرٍ عِيسَى بْنَ يُونُسَ الْفَاخُورِيَّ الرَّمْلِيَّ قَالَ لَمَّا رَجَعَ الْفِرْيَابِيُّ مِنْ مَكَّةَ تَرَكَ رَفْعَ هَذَا الْحَدِيثِ قَالَ نَهَاهُ أَحْمَدُ بْنُ حَنْبَلٍ عَنْ رَفْعِهِ

বাংলা

১০০৪। আবূ হুরাইরাহ (রাঃ) সূত্রে বর্ণিত। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সালাম সংক্ষিপ্ত করাকে সুন্নাত বলেছেন। ঈসা (রহঃ) বলেন, ইবনুল মুবারক (রহঃ) আমাকে এ হাদীস নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর বাণীরূপে বর্ণনা করতে নিষেধ করেছেন।[1]

দুর্বল।

ইমাম আবূ দাউদ (রহঃ) বলেন, আমি আবূ উমাইর ঈসা ইবনু ইউনুস ইল-ফাখূরী আর-রামলী (রহঃ)-কে বলতে শুনেছি, আল-ফিরয়াবী মক্কাহ হতে প্রত্যাবর্তনের পর এটি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর বক্তব্য হিসাবে বর্ণনা করা ত্যাগ করেছেন এবং বলেছেন, ইমাম আহমাদ ইবনু হাম্বাল (রহঃ) তাকে এ হাদীস নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর বাণী হিসাবে বর্ণনা করতে নিষেধ করেছেন।

## English

Narrated AbuHurayrah:

The Prophet (ﷺ) said: Shortening the salutation is sunnah (commendable).

The narrator 'Isa said: Ibn al-Mubarak prohibited me from reporting this tradition as a statement of the Prophet (ﷺ).

Abu Dawud said: I heard Abu 'Umar 'Isa b. Yunus al-Fakhuri al-Ramil saying: When al-Firyabi returned from Mecca, he gave up narrating this tradition as a statement of the Prophet (ﷺ). He said: Ahmad b. Hanbal forbade to report this tradition directly from the Prophet (ﷺ).

ফুটনোট

[1] তিরমিযী (অধ্যায় : সালাত, অনুঃ সালাম খুব লম্বা করে টানবে না, হাঃ ২৭৯, ইমাম তিরমিযী বলেন, এই হাদীসটি হাসান ও সহীহ), আহমাদ (২/৫৩২), ইবনু খুযাইমাহ (হাঃ ৭৩৪)। সকলে আওযাঈ হতে। সনদের কুররাহ ইবনু আবদুর রহমান সম্পর্কে হাফিয ‘আত-তাক্বরীব’ গ্রন্থে বলেনঃ সত্যবাদী, কিন্তু বহু মুনকার বর্ণনা আছে।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=58322

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন